## কী সেবা কীভাবে পাবেন

পরিবার পরিকল্পনা বিভাগের মাঠ পর্যায়ের সকল সেবা কেন্দ্রের মাধ্যমে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহীতার হার বৃদ্ধিতে সেবা প্রদান করা হচ্ছে। পরিবার পরিকল্পনা পদ্ধতি সমূহ নিম্নরূপঃ

- কনডম [ সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে ]
- খাবার বড়ি [ বিনা মূল্যে ]
- ইনজেকশন [ বিনা মূল্যে ]
- ইমপ্লান্ট (ইমপ্লানন)
- আইইউডি(কপার-টি)
- পুরুষ বন্ধ্যাকরণ(এনএসভি)
- মহিলা বন্ধ্যাকরণ(টিউবেকটমি)

বিঃদ্রঃ ইমপ্লান্ট, আইইউডি, পুরুষ ও মহিলা বন্ধ্যাকরণের জন্য গ্রহীতাকে সরকার কর্তৃক নির্ধারিত ক্ষতিপূরণ ভাতা প্রদান করা হয়।

পরিবার পরিকল্পনা বিভাগের সেবা কেন্দ্রের মাধ্যমে নিম্নোক্ত সেবাসমূহ প্রদান করা হচ্ছে-

- ✓ মা ও শিশু স্বাস্থ্য সেবা
- ✓ প্রাথমিক স্বাস্থ্য সেবা
- ✓ গর্ভবতী পরিচর্যা(প্রসবপূর্ব, প্রসবকালীন ও প্রসব পরবর্তী সেবা)
- ✓ প্রজনন স্বাস্থ্য সেবা
- ✓ পরিকল্পিত পরিবার গঠনে কাউন্সিলিং
- ✓ প্রশিক্ষিত পরিবার কল্যাণ পরিদর্শিকা ও দাই এবং মা ও শিশু কল্যাণ
- ✓ কেন্দ্রের মাধ্যমে নিরাপদ মাতৃত্ব সেবা
- ✓ ইপিআই কার্যক্রম বাস্তবায়ন

পরিবার পরিকল্পনা বিষয়ে পরামর্শ ও সেবা প্রদান হয়, নিম্নোক্ত সেবা প্রদানকারী ও সেবা কেন্দ্র থেকে-

- পরিবার কল্যাণ সহকারী/পরিবার কল্যাণ পরিদর্শিকা/ বেসরকারী সংস্থার কর্মী
- স্যাটেলাইট ক্লিনিক
- কমিউনিটি ক্লিনিক
- ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র
- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবার পরিকল্পনা ক্লিনিক ও এমসিএইচ ইউনিট
- মা ও শিশু কল্যাণ কেন্দ্র
- সরকারী মেডিকেল কলেজ সংলগ্ন মডেল ক্লিনিক
- বেসরকারী সংস্থার ক্লিনিক ও হাসপাতাল